



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২২.২৪-২৬৪

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১
০৫ মে ২০২৪

বিষয়: ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে মাননীয় সংসদ সদস্য ও সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি নির্বাচনি এলাকায় গমন করে নির্বাচনি প্রচারণায় অংশগ্রহণ না করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে মাননীয় সংসদ সদস্য ও সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি কর্তৃক নির্বাচনি এলাকায় গমন করে নির্বাচনি প্রচারণায় অংশগ্রহণ না করা এবং উপজেলা পরিষদ আচরণবিধির বিধান উল্লেখ করে এরূপ কার্য হতে বিরত থাকার জন্য রিটার্নিং অফিসারকে পত্র প্রেরণ করতে নির্দেশনা দেয়া যায় মর্মে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। এ প্রসঙ্গে উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর ২২ বিধিতে নিম্নরূপ বিধান রয়েছে :

“২২। সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি ও সরকারি কর্মকর্তা বা কর্মচারীর নির্বাচনি প্রচারণা এবং সরকারি সুযোগ-সুবিধা সংক্রান্ত বাধা-নিষেধ।- (১) সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারী নির্বাচন-পূর্ব সময়ে নির্বাচনি এলাকায় প্রচারণায় বা নির্বাচনি কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ ব্যক্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটার হইলে তিনি কেবল তাহার ভোট প্রদানের জন্য ভোটকেন্দ্রে যাইতে পারিবেন।

(২) নির্বাচন-পূর্ব সময়ে কোন প্রতিদ্বন্দী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচনি কাজে সরকারি প্রচারযন্ত্র, সরকারি যানবাহন, অন্য কোন সরকারি সুযোগ-সুবিধা ভোগ এবং সরকারি কর্মকর্তা বা কর্মচারীগণকে ব্যবহার করিতে পারিবেন না।”

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: eeseme2@gmail.com

- ১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
- ৩। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
- ৪। উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
- ৫। উপজেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
- ৬।(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২২.২৪-২৬৪

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১
০৫ মে ২০২৪

জনুভূমি সদস্য অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১০. সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা [মাননীয় স্পীকার এর সদস্য অবগতির জন্য]
১১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
১২. নির্বাচন কমিশনার,(সকল)
১৩. উপসচিব/অতিরিক্ত সচিব,(সকল (৫জন))
১৪. উপসচিব/অতিরিক্ত সচিব,(সকল) ও অতিরিক্ত সচিব
১৫. মাননীয় স্পীকার এর প্রকান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, শেবে বাংলাদেশ নগর, ঢাকা (মাননীয় স্পীকার এর সদস্য অবগতির জন্য)

সিনিয়র সচিব

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

সিনিয়র সচিব

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

E-mail: eeseme2@gmail.com ও www.ees.gov.bd